ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৫৪৮

আগরতলা, ২৭ আগস্ট, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

গত ২৪ জুলাই, ২০২৫ তারিখে ত্রিপুরা দর্পণ পত্রিকায় ‘রাবার প্রকল্পে কোটি টাকার দূর্নীতির অভিযোগে ক্ষোভে ফুসছে জনতা’ শিরোনামে প্রকাশিত সংবাদটি জনজাতি কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এ বিষয়ে দপ্তর থেকে এক স্পষ্টিকরণে জানানো হয়েছে যে, গৌরনগর ব্লকের অন্তর্গত তিনটি এডিসি ভিলেজে (হিরাছড়া, দেওরাছড়া এবং ঊনকোটি) মুখ্যমন্ত্রী রাবার মিশন প্রকল্পে উপজাতিদের ২৩৫ জন বেনিফিসিয়ারি সিলেকশনের ব্যাপারে যে দুর্নীতির কথা প্রকাশ হয়েছে তা সম্পূর্ণ অসত্য। এই ২৩৫ জন বেনিফিসিয়ারি সিলেকশনটি সম্পূর্ণ নিয়ম মেনেই করা হয়েছে। প্রথমে সংশ্লিষ্ট গ্রামসভা থেকে সিলেকশন করা হয় এবং পঞ্চায়েত একশন প্ল্যানে অন্তর্ভুক্ত করা হয়। যেহেতু এডিসি ভিলেজে কোন নির্বাচিত প্রতিনিধি নেই সেহেতু গ্রামসভার সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গৃহীত হয়। ২০২৫-২৬ অর্থবছরের রাবার প্রকল্পের জন্য ইমপ্লিমেন্টিং অফিসার-এর নামে এখন পর্যন্ত কোন টাকাই মঞ্জুরী হয়নি। কাজেই আর্থিক দুর্নীতির অভিযোগ সম্পূর্ণ অসত্য।

******